# ইউসেপ বাংলাদেশ

## জমি বিক্রয়ের দরপত্রের সিডিউল ও শর্তাবলী

ইউসেপ বাংলাদেশ এর মালিকানাধীন খুলনা শহরের প্রাণকেন্দ্র সোনাডাঙ্গা এলাকায় (সোনাডাঙ্গা বাসস্ট্যান্ড সংলগ্ন) নিম্ন তফসিল বর্ণিত ২০০ (দুইশত) শতাংশ নিষ্কন্টক জমি উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। প্রতি শতাংশের সম্ভাব্য বিক্রয়মূল্য ১৫ লক্ষ টাকা। এই দামে অথবা এর নিকটবর্তী দামে ক্রয়ে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্তাবলী মেনে দরপত্র দাখিল করতে পারবেন।

### ১. আগ্রহী ক্রেতাগণকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) ব্যক্তিগতভাবে আগ্রহী ক্রেতাকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং টি.আই.এন. সার্টিফিকেটের ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রে আগ্রহী ক্রেতাকে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র, হালনাগাদ ট্যাক্স রিটার্ন রিসিটের ফটোকপি দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

### ২. সিডিউল ক্রয়, আর্নেস্ট মানি জমাদান ও পেমেন্টের ধরণ :

(ক) আগ্রহী ক্রেতাগণকে দরপত্রে অংশগ্রহণ করার জন্য নগদ ৩৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকার (অফেরৎযোগ্য) বিনিময়ে সিডিউল ইউসেপ বাংলাদেশে এর প্রধান কার্যালয়ের (প্লট ২ ও ৩, মিরপুর ২, ঢাকা ১২১৬) প্রশাসনিক বিভাগ থেকে অথবা ইউসেপ খুলনা আঞ্চলিক কার্যালয়, ৭ জংশন রোড, বৈকালী, খুলনা থেকে আগামী ০৭-০৪-২০২৫ ইং থেকে ২০-০৪-২০২৫ পর্যন্ত প্রতি অফিস কর্মদিবসে ক্রয় করা যাবে।

(খ) দরপত্রদাতাগণকে উদ্ধৃত মূল্যের উপর ২.৫% আর্নেস্ট মানি ইউসেপ বাংলাদেশ এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডারের/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।

(গ) সফল দরদাতা/ক্রেতাকে জমি রেজিস্ট্রির পূর্বে আর্নেস্ট মানি বাদে বাকি টাকা ইউসেপ বাংলাদেশ এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কমপক্ষে ০২ (দুই) কর্মদিবস পূর্বে জমা দিতে হবে।

(ঘ) সফল দরদাতা/ক্রেতাকে কার্যাদেশ দেয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে যদি জমি রেজিস্ট্রি করে নিতে অপারগ হন তাহলে আর্নেস্ট মানি বাতিল বলে গণ্য হবে।

(ঙ) রেজিস্ট্রি খরচ, ট্যাক্স, ভ্যাট বা রেজিস্ট্রেশন সংক্রান্ত অন্যান্য যাবতীয় খরচ ক্রেতা বহন করবেন।

### ৩. দরপত্র দাখিলের নিয়মাবলী:

(ক) দরপত্র আগামী ২৭-০৪-২০২৫ ইং তারিখে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত সময়ে ইউসেপ বাংলাদেশ এর প্রধান কার্যালয়ে (প্লট ২ ও ৩, মিরপুর ২, ঢাকা ১২১৬) প্রশাসনিক বিভাগে জমা দেওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পরে ঐদিনই উপস্থিত দরপত্রদাতাদের সামনে দরপত্র খোলা হবে।

(খ) দরপত্র পেশের পূর্বে আগ্রহী দরদাতাগণ ভূমি পরিদর্শনের জন্য জনাব মোহাম্মদ কামরুজ্জামান, আঞ্চলিক ব্যবস্থাপক, ইউসেপ খুলনা, মোবাইল: ০১৪০৪৪৫৫৯৯৩ এর সাথে যোগাযোগ করতে পারেন।

(গ) দরপত্র দাখিলের সময় সিডিউল ক্রয়ের মূল রশিদের ফটোকপিসহ উপরোল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

UCEP Bangladesh

## ৪. অন্যান্য শর্তবলী:

(ক) সর্বোচ্চ দরদাতার কাছে ইউসেপ বাংলাদেশ উক্ত জমি বিক্রয় করতে বাধ্য নহে।

(খ) বর্তমানে জমিতে অবস্থিত গাছ ও ফসলাদী উক্ত দরপত্রের অন্তর্ভূক্ত নয়।

(গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**৫. জমির তফসিল:** জেলা-খুলনা, থানা- খুলনা সদর অধীন ছোট বয়রাস্থিত আর.এস ২২ নং খতিয়ানের ৪৬১১ ও ৪৬৬৯ নং দাগের ২০০ শতাংশ জমি।

**বিক্রয় প্রস্তাবিত জমির চৌহদ্দি নিম্নরূপঃ**
উত্তর: পশ্চিম প্রান্ত থেকে যথাক্রমে, মোঃ হাদী, মোঃ কাদের, মোঃ নাছিম, মোঃ বাবু, নুসরাত জাহান জেবা, ডাঃ মুকুল, ও ডাঃ শহীদুল ইসলাম গং,
দক্ষিণ: সৈয়দ আলী হোসেন সড়ক,
পূর্ব: ইউসেপ বাংলাদেশ এর জমি,
পশ্চিম: উষা রানী তালুকদার, মোশারফ হোসেন ও বাবুল হাওলাদার গং।

**বিক্রয় জমির নকশা: সংযুক্ত**

### জমি ক্রয়ের জন্য আর্থিক প্রস্তাবনা

| ক্রমিক নং | প্রস্তাবিত জমি ক্রয়ের জন্য আর্থিক প্রস্তাবনা (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|
| | | |

মোট প্রস্তাবিত মূল্য (টাকা) কথায় :

ক্রেতা/দরপত্রদাতার স্বাক্ষর:

ক্রেতা/দরপত্রদাতার নাম ও ঠিকানা:

মোবাইল নং:

ই-মেইল

UCEP Bangladesh